রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুন ৮, ১৯৮৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

বিচার শাখা-৪

বিজ্ঞপ্তিসমূহ

ঢাকা, ৪ঠা জুন ১৯৮৫

নং এস, আর, ও, ২৫১-এল/৮৫/২০২-বিচার ৪/৫সি-২/৮৩—দেওয়ানী আদালত আইন, ১৮৮৭ (১৮৮৭ সালের ১২ নং আইন)-এর ১৩ ধারাবলে এবং অত্র মন্ত্রণালয়ের ২৯শে মে ১৯৮৪ তারিখের এস, আর, ও, ২০৭-এল/৮৪/৩৯১-বিচার ৪/৫সি-২/৮৩ এবং এস, আর, ও, ২১১-এল/৮৪/৩৯৬-বিচার ৪/৫সি-২/৮৩ নম্বর বিজ্ঞপ্তির আংশিক সংশোধনক্রমে সরকার সিরাজগঞ্জ ও খুলনা জজ কোর্টের অধীনস্থ নিম্নলিখিত মুনসেফী আদালতের ক্ষেত্রাধিকার নিম্নরূপে পুনঃ নির্ধারিত করিলেনঃ

| ক্রমিক নং। | আদালতের নাম। | ক্ষেত্রাধিকার। |
|---|---|---|
| ১ | মুনসেফ কোর্ট, কামারখন্দ | সমগ্র কামারখন্দ উপজেলা। |
| ২ | মুনসেফ কোর্ট, দাকোপ | সমগ্র দাকোপ উপজেলা। |

এই আদেশ ১৯৮৫ সালের ৯ই মে হইতে কার্যকরী হইবে।

নং এস, আর, ও, ২৫২-এল/৮৫/২০৩-বিচার ৪/৫সি-৪/৮১—দেওয়ানী আদালত আইন, ১৮৮৭ (১৮৮৭ সালের ১২ নং আইন) ১৪(১) ধারাবলে এবং অত্র মন্ত্রণালয়ের ২০শে আগষ্ট ১৯৮৪ তারিখের এস, আর, ও, ৩৯৫-এল/৮৪/৫৮৮-বিচার ৪/৫সি-৪/৮১ নম্বর



মূল্য : ৩০ পয়সা।

বিজ্ঞপ্তির সংশোধনক্রমে সরকার নির্দেশ দিতেছেন যে শরিয়তপুরের সাব-জজ আদালতটি মাদারীপুরের পরিবর্তে শরিয়তপুর জেলা সদরে অনুষ্ঠিত হইবে।

এই আদেশ ১১ই মে ১৯৮৫ হইতে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাফিজ উদ্দীন আহমদ
উপ-সচিব।

খন্দকার ওবায়দুল মোক্তাদের, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মতিন সরকার, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা, কর্তৃক প্রকাশিত।